

“ কোরবানী উপলক্ষ্যে অস্থায়ী গরু-ছাগলের হাট ইজারা বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়ের কার্যালয়ের স্মারক নং ৩৫.৪২.১৫০০.৭০১.১৩.০০৮.১৮..... তারিখ-...../...../২০২০ খ্রি. মূলে রাঙ্গুনিয়া উপজেলায় নিম্ন বর্ণিত ছকে উল্লিখিত স্থান সমূহে পবিত্র ঈদুল আযহা-২০২০ কোরবানী উপলক্ষ্যে অস্থায়ী গরু-ছাগলের হাট সমূহ আগামী ২০/০৭/২০২০ খ্রি. তারিখ রোজ সোমবার দুপুর ১২.৩০ টায় উপজেলা পরিষদ সভা কক্ষে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে উন্মুক্ত ইজারা প্রদান করা হবে। উন্মুক্ত ইজারা অংশ গ্রহণকারী/অত্রই ব্যক্তি/প্রতিষ্ঠান/ইজাদারদের নিকট থেকে স্বশরীরে উপস্থিত থেকে নির্ধারিত সিডিউল ফরম ক্রয় সাপেক্ষে (অফেরতযোগ্য) দরপত্র দাখিলের জন্য আহ্বান করা যাচ্ছে।

“ ছক ”

ক্রঃনং	ইউ.পি.র নাম	অস্থায়ী গরু-ছাগলের হাটের নাম	মন্তব্য
১	স্বনির্ভর রাঙ্গুনিয়া	ব্রহ্মাস্তর রাস্তার মাথা অস্থায়ী পশুরহাট।	
২	মরিয়ামনগর	মরিয়ামনগর চৌমুহনী বিল অস্থায়ী পশুর হাট।	
৩	কোদালা	কোদালা বাজারে অস্থায়ী পশুরহাট।	
৪	চন্দ্রঘোণা কদমতলী	পূর্ব চন্দ্রঘোণা ফেরীঘাট রোড অস্থায়ী পশুরহাট	
৫	দক্ষিণ রাজানগর	ধামাইহাট বাজারের মুখ হতে ঘাগড়া ব্রীজ পর্যন্ত সড়কের উভয় পার্শ্ব অস্থায়ী পশুরহাট।	
৬	পদুয়া	রাজার হাট বাজার সংলগ্ন অস্থায়ী পশুরহাট।	
৭	শিলক	শিলক দীঘিরপাড়া বাজার	
৮	পোমরা	শান্তিরহাট বাজার	
৯	বেতগাঁ	রামপতিরহাট আফজল চৌবুরী দীঘিরপাড়া অস্থায়ী পশুর হাট।	

১। দরপত্র প্রাপ্ত স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

২। সিডিউল ফরম বিক্রির তারিখ : ১৬/৭/২০২০ খ্রি. হতে ১৭/০৭/২০২০ খ্রি. পর্যন্ত।

৩। দরপত্র জমা দেয়ার তারিখ : ২০/৭/২০২০ খ্রি. সকাল ১০.০০ টা দুপুর ১২.০০ টা।

৪। দরপত্র খোলার তারিখ : ২০/৭/২০২০ খ্রি. দুপুর ১২.৩০ টা।

৫। সিডিউল মূল্য : ৫০০/- (পাঁশত) টাকা (অফেরতযোগ্য)।

শর্তসমূহ:

১। সড়কের উপর যানজট নিরসনকল্পে সড়কে পার্শ্ব গরু-ছাগল রাখা যাবে না।

২। কোন অবস্থাতে সড়কে যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

৩। পশুর হাট সম্পন্ন হওয়ার সাথে সাথে বাজার এলাকা নিজ দায়িত্বে পরিষ্কার পরিচ্ছন্ন করতে ইজারাদার বাধ্য থাকবেন।

৪। বাজারে জাল নোট সনাক্তকরণ যন্ত্র স্থাপন করতে হবে।

৫। দরপত্রের উল্লিখিত মূল্যের উপর উদ্ভূত ৩০% অর্থ অগ্রিম জামানত হিসেবে যে কোন তপসীলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসারের নামে ব্যাংক ড্রাফট দরপত্রের সহিত দাখিল করতে হবে।

৬। বিজয়ী নিলাম ডাককারী নির্ধারিত ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ৫% আয়করসহ মোট ২০% অর্থ নির্ধারিত কোডে জমা প্রদান করতে হবে।

৭। ইজারা প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কোন কারণে বাজার নিতে অপারগতা প্রকাশ করলে কিংবা নির্ধারিত সময়ে নির্ধারিত মূল্য (সম্পন্ন)

অর্থ/ভ্যাট আয়কর জমা না দিলে তাঁর নিলামডাক বাতিল এবং জমাকৃত ৩০% অর্থ বাজেয়াপ্তক্রমে বাজারটি পুনঃরায় নিলামের ব্যবস্থা করা হবে।

৮। কোন নিলাম ডাককারী একাধিক বাজারে অংশ গ্রহণ করতে চাইলে প্রতিটি বাজারের জন্য পৃথক সিডিউল ক্রয় এবং জামানত প্রদান করতে হবে।

৯। ইজারা প্রাপ্তি তারিখ হতে ঈদের দিন পর্যন্ত অস্থায়ী পশু হাট হিসেবে গণ্য হবে।

১০। আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি হলে অনুমোদিত হাট-বাজার ইজারা প্রদান কর্তৃপক্ষ যে কোন সময় বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১১। উল্লেখ্য যে, হাট-বাজার ব্যবস্থাপনা নীতিমালা-২০১১ এর ১০.২ অনুচ্ছেদ অনুযায়ী স্বচ্ছতার সাথে যথারীতি বিধান অনুসরণ করার ইজারাদার বাধ্য থাকিবেন।

২০/০৭/২০২০
মোঃ মাসুদুর রহমান


উপজেলা নির্বাহী অফিসার
রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

ফোন নং-০৩০২৫৫৬০০১

ফ্যাক্স নং-০৩০২৫৫৬০১০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :-

- ১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-সদয় জ্ঞাতার্থে।
- ২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম-সদয় জ্ঞাতার্থে।
- ৩। জেলা প্রশাসক, চট্টগ্রাম-সদয় জ্ঞাতার্থে।
- ৪। পুলিশ সুপার, চট্টগ্রাম-সদয় জ্ঞাতার্থে।
- ৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চট্টগ্রাম-সদয় জ্ঞাতার্থে।
- ৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
- ৭। সহকারী কমিশনার (ভূমি), রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।- এতদসঙ্গে বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে স্থাপনের জন্য অনুরোধ করা হলো।
- ৮। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম- এতদসঙ্গে বিজ্ঞপ্তিটি তাঁকে তাঁর কার্যালয়ের নোটিশ স্থাপনের জন্য অনুরোধ করা হলো।
- ৯। অফিসার ইনচার্জ, রাঙ্গুনিয়া মডেল থানা, চট্টগ্রাম- প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ এতদসঙ্গে বিজ্ঞপ্তিটি তাঁকে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে স্থাপনের জন্য অনুরোধ করা হলো।
- ১০। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, রাঙ্গুনিয়া শাখা, চট্টগ্রাম- এতদসঙ্গে বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে স্থাপনের জন্য অনুরোধ করা হলো।
- ১১। মেয়র/চেয়ারম্যান (সকল),রাঙ্গুনিয়া পৌরসভা/ইউনিয়ন পরিষদ, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। এতদসঙ্গে বিজ্ঞপ্তিটি তাঁকে তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে স্থাপনের জন্য অনুরোধ করা হলো।
- ১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল),রাঙ্গুনিয়া, চট্টগ্রাম। বিজ্ঞপ্তি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। অফিস কপি।



মোঃ মাসুদুর রহমান

উপজেলা নির্বাহী অফিসার

রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

ফোন নং-০৩০২৫৫৬০০১

ফ্যাক্স নং-০৩০২৫৫৬০১০